www.xtrapapers.com
www.PapaCambridge.com

MINISTRY OF EDUCATION, SINGAPORE
in collaboration with
UNIVERSITY OF CAMBRIDGE LOCAL EXAMINATIONS SYNDICATE
General Certificate of Education Ordinary Level

# BENGALI 3204/02

Paper 2 Language Usage and Comprehension

**October/November 2007**

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Sheet

*3383714417*

**READ THESE INSTRUCTIONS FIRST**

Write your Centre number, index number and name on all the work you hand in.
Write in dark blue or black pen on both sides of the paper.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **8** printed pages and **4** blank pages.

Singapore Examinations and Assessment Board

UNIVERSITY of CAMBRIDGE International Examinations

© UCLES & MOE 2007 SP (SLM/TL) T36206/3 **[Turn over**

www.xtrapapers.com
www.PapaCambridge.com


BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A
## বিভাগ 'ক'

**A1 Combination/Separation of Words**
সন্ধি/সন্ধি বিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলির সন্ধি কর।
তোমার উত্তর প্রদত্ত উত্তর পুস্তিকায় লেখো।

1 দিক + অন্ত

2 পরি + ছন্ন

3 ভো + অন

4 আবি + কার

5 কটু + উক্তি

**A2 Idioms, Proverbs and Words in Pairs** [10]
বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

নিচে বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা / প্রবচন / জোড়া শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখো।

6 তোমার পেটে যে এত ____________________ তাতো জানতাম না।

7 ছেলেটি এত বেয়াদব হয়েছে যে __________________ কাউকে পরোয়া করে না।

8 এই অত্যাচারী মোড়ল বুড়ো মারাত্মক অসুখেও মরলো না, ব্যাটার যেন __________________!

9 লিনার মত __________________ মেয়ে আর দেখিনি; লোকের কথায় সে অকারণে ওঠে বসে।

10 সমস্ত সম্পত্তি বিক্রি করে ভদ্রলোক মেয়ের বিয়ে দিলেন, এখন চাকরীটাও যদি চলে যায় তাহলে তাঁর একেবারে _______________ হবে।

| | |
|---|---|
| (1) আকাশ পাতাল | (6) কই মাছের প্রাণ |
| (2) ভরাডুবি | (7) জিলাপির প্যাঁচ |
| (3) ননীর পুতুল | (8) সকাল-বিকাল |
| (4) আকাশ-কুসুম | (9) তীর্থের কাক |
| (5) কান পাতলা | (10) ছোটো-বড় |

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## A3 Sentence Transformation
বাক্য রূপান্তর [10]

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমনভাবে পূরণ কর যেন তার অর্থ ওপরের বাক্যটির অর্থ থেকে বদলে না যায়।

11 এখানে দেখার মতো কিছুই নেই।
এখানে ________________________________________।

12 আমি অন্য গতি না দেখে তার পেছন পেছন চললাম।
আমি ________________________________________।

13 তিনি খুব ধনী, কিন্তু তাঁর মনে কোনো অহঙ্কার নেই।
তিনি ধনী ________________________________________।

14 প্রধান শিক্ষক সবাইকে বললেন, " আগামিকাল সময়মতো স্কুলে আসবে।"
প্রধান শিক্ষক ________________________________________।

15 মিতা না এলে আমাকেই তার কাছে যেতে হবে।
মিতা ________________________________________।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**A4 Cloze Passage** [10]

ক্লোজ পরিচ্ছেদ

এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে কতগুলি শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য তার মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখো।

মুদ্রা আবিষ্কারের আগে লোকজন টাকার বদলে কড়ি বা ধাতুর টুকরা দিয়ে একে অন্যের সঙ্গে ব্যবসা করতো। তারা নিজেদের তৈরী জিনিসপত্র অন্যদের তৈরী জিনিসপত্রের সঙ্গে ______ (16) করতো। এই বিনিময় পদ্ধতি হুণ্ডি নামে ______ (17) ছিলো। সম্ভবত: খৃষ্টপূর্ব 650 শতাব্দীতে প্রথম ধাতুর ______ (18) তৈরী হয়। মুদ্রা দিয়ে কেনাকাটা খুব সহজ ছিলো কারণ এক এক মুদ্রার ওজন অনুযায়ী এর মূল্য ______ (19) হতো। খৃষ্টপূর্ব 300 সাল থেকে যে এলাকার মুদ্রা তার উপর সে এলাকার ______ (20) ছবি থাকতো। এর থেকে বোঝা যেতো ঐ মুদ্রার মূল্যায়ন কে করতো। আজও অনেক দেশে এই পদ্ধতির প্রচলন রয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশে এখনও মাটির নিচে পুঁতে রাখা গুপ্তধন ______ (21) হচ্ছে। ব্যাঙ্ক প্রথা চালু হবার আগ পর্যন্ত সম্পদ সঞ্চয়ের একমাত্র উপায় ছিলো মুদ্রা লুকিয়ে রাখা। বিপদ আপদ থেকে রক্ষা পাওয়ার জন্যও মুদ্রা মাটিতে ______ (22) রাখা হতো। কখনও কখনও তা হারিয়ে যেতো, এমনকি লোকজন ভুলেও যেতো মাটির নিচে ______ (23) এসব মুদ্রার কথা। পৃথিবীর কোনো কোনো অংশে জলদস্যুরা তাদের গুপ্তধন মাটির নিচে পুঁতে রাখতো এবং এ সম্পর্কে অনেক রোমাঞ্চকর গল্প ও উপন্যাস লেখা হয়েছে। মাটির নিচে লুকানো এসব মুদ্রার ______ (24) মূল্য যদিও অনেক, কিন্তু প্রত্নতত্ত্ববিদদের কাছে এগুলো বিশেষ প্রয়োজনীয়। মুদ্রার ছবি থেকে তারা বলতে পারে কোন প্রাচীন এলাকা কত বছরের পুরানো, কিংবা কোন জাহাজ কবে ______ (25) গিয়েছিলো। এমনকি দূরদেশের এসব মুদ্রা থেকে প্রাচীনকালের বানিজ্যপথেরও অস্তিত্বের সন্ধান পাওয়া যায়।

| | | |
|---|---|---|
| **(1)** মুদ্রা | **(6)** লুকানো | **(11)** নির্ধারিত |
| **(2)** আবিষ্কৃত | **(7)** হারানো | **(12)** পুঁতে |
| **(3)** বিনিময় | **(8)** পরিচিত | **(13)** সঞ্চয় |
| **(4)** মূল্যায়ন | **(9)** অলঙ্কার | **(14)** সন্ধান |
| **(5)** ডুবে | **(10)** আর্থিক | **(15)** শাসকের |

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B
## বিভাগ 'খ'

অনুচ্ছেদটি ভাল করে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও।

"জন্মের পর নাম রাখা হয়, তারপর সে নাম সরকারের তালিকাভুক্ত হয়। মানুষ হিসাবে আমাদের কাছে এটা খুবই সহজ ব্যাপার," বললেন মালয়েশিয়ার বন সম্পদ গবেষণা সংস্থার (ফ্রিম) পরিচালক ড: আজাহারী।

তিনি বলেই চল্লেন, "কিন্তু এই ফ্রিমের সংগ্রহের 6 লাখ বুকে ভর দেওয়া বা হামাগুড়ি দিয়ে চলা এবং ভোঁ ভোঁ করা উড়ন্ত কীট-পতঙ্গের বেলায় এটা অবশ্যই প্রযোজ্য নয়। শুধুমাত্র 10,000 কীটের সুনির্দিষ্ট নাম আছে। বাকি সব প্রকৃতির জগতে ঠাঁই পাবার জন্য তাদের শ্রেণী বিভাগ, পরিবার ও প্রজাতি সম্পর্কে কিছু চিহ্নিত করার আগেই কীট-পতঙ্গের রাজ্যে হারিয়ে গেছে।"

যা হোক, শুধুমাত্র মালয়েশিয়ার কীট-পতঙ্গের বেলায়ই নয়, তরুলতা, গাছপালা ও জীবজন্তুর বেলায়ও পরিবর্তন হতে যাচ্ছে। "উদাহরণ স্বরূপ, আমরা পেছো বন রিজার্ভের গাছপালা জরীপ করে চিহ্নিত করেছি," ড: আজাহারী দৃঢ়তার সাথে বললেন। এগুলো কি জাতের, কোথায় আছে এবং এদের সংখ্যা কত এসব চিহ্নিত করার জন্য ব্যাপক চেষ্টা চালানো হচ্ছে। প্রতি 50 হেক্টর জায়গায় এক সেন্টিমিটার বেড় থেকে শুরু করে বিশাল আকারের ছাতার মতো 6,000 গাছ বোনা হয়। প্রতিবার যখনই আমরা সবিস্তারে জরীপ করতে যাই তখনই নতুন নতুন চারাগাছ আমাদের চোখে পড়ে। এটা আমাদের গবেষকদের কাছে একটা দারুণ ব্যাপার হওয়া সত্ত্বেও দুর্ভাগ্যবশত: তাঁরা হতাশ হয়ে পড়েন কারণ তাদের কাছে পুরাপুরি লিষ্ট কখনোই থাকে না। অথচ প্রতিনিয়তই নতুন নতুন গাছপালার সন্ধান মিলছে।"

এ বিষয়ে অনেক কাজ করার আছে। ফ্রিম চেষ্টা করছে সব গবেষক এবং বিজ্ঞানীদের একটি সম্মেলন ডাকার জন্য। এর উদ্দেশ্যে হচ্ছে একদিকে সব গবেষক ও বৈজ্ঞানিকদের একত্রিত করা এবং সেইসঙ্গে বিদেশী কুশলীদের সহায়তায় স্থানীয় কর্মচারীদের দুর্লভ ও বিপন্ন তরুলতা ও গাছপালার প্রজাতি চিহ্নিত করার জন্য প্রশিক্ষণ দেয়া ।

পরিচালক আরও জানালেন, "আমাদের সংরক্ষণকারীরা এই প্রকল্পকে সামনে এগিয়ে নেওয়ার জন্য এতই আগ্রহী যে তারা প্রতি সপ্তাহে প্রায়ই তাদের নির্ধারিত সময়ের বাইরেও অনেক ঘন্টা অতিরিক্ত কাজ করে। এরা সমষ্টিগতভাবে কিংবা ব্যক্তিগতভাবে যেভাবেই কাজ করুক না কেন, নতুন কোনো প্রজাতি আবিষ্কৃত হলে সেই সফলতার প্রতিফলন দলের সবার মধ্যে লক্ষ্য করা যায়।

এসব তরুলতা, গাছপালা ও জীবজন্তুর নাম সংগ্রহ করে সুবিন্যস্তভাবে তালিকাভুক্ত করা হলে, মালয়েশিয়া এদের জন্য চুড়ান্তভাবে এক পরিপূর্ণ বিজ্ঞানসম্মত ডাটাবেইজ ও স্বাস্থ্য রিপোর্ট কার্ড বানাতে সক্ষম হবে।

সুতরাং, বাকি 590,000 বুকে ভর দেওয়া বা হামাগুড়ি দিয়ে চলা কীট-পতঙ্গকে অবশেষে এদের প্রকৃত ল্যাটিন নামে ডাকা যাবে বৈকি!

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## B5 MCQ Comprehension

বোধজ্ঞানের বহু বিকল্প প্রশ্ন

প্রত্যেকটি প্রশ্নের চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে তার সংখ্যাটি উত্তর পুস্তিকায় লেখো।

26 অনুচ্ছেদে লেখা উক্তি " এটা অবশ্যই প্রযোজ্য নয়" দিয়ে বোঝানো হয়েছে যে

(1) প্রত্যেক তরুলতার নামকরণ করা হয়নি
(2) প্রত্যেক কীটের নামকরণ করা হয়নি
(3) প্রত্যেক মানুষ সরকারের সঙ্গে তালিকাভুক্ত হয়নি
(4) প্রত্যেক মানুষকে সরকারী নাম দেয়া হয়নি

27 লেখক সব কীট-পতঙ্গ প্রসঙ্গে, " ____________ " শব্দ ব্যবহার করেছেন

(1) কীট-পতঙ্গের রাজ্য
(2) প্রজাতি
(3) হামাগুড়ি দিয়ে চলা
(4) বুকে ভর দিয়ে চলা

28 ফ্রিমের গবেষকরা

(1) গাছপালার একটি তালিকা করতে যাচ্ছে
(2) সব সময় নতুন গাছপালার নাম তালিকায় যোগ করে
(3) গাছপালার তালিকা প্রায় শেষ করেছে
(4) গাছপালার তালিকা চূড়ান্তভাবে শেষ করেছে

29 ড: আজাহারীর বর্ণনা অনুযায়ী গবেষকদের কাজকর্ম:

(1) একঘেয়ে ও বিরক্তিকর
(2) চমৎকার ও পুরস্কার পাওয়ার যোগ্য
(3) উৎসাহপূর্ণ কিন্তু পুরস্কারের অযোগ্য
(4) চমৎকার কিন্তু নৈরাশ্যপূর্ণ

30 এসব দুর্লভ ও বিপন্ন প্রজাতিদেরকে পরিশেষে চিহ্নিত করবে

(1) বিদেশী বিশেষজ্ঞরা
(2) স্থানীয় কর্মচারীবৃন্দ
(3) গবেষকরা
(4) বৈজ্ঞানিকেরা

31 সংরক্ষণকারীরা কাজ করে

(1) স্বল্পতম ঘন্টা
(2) অতিরিক্ত ঘন্টা এবং সবসময় দলের সঙ্গে
(3) একাকী এবং দলবদ্ধ হয়ে অন্যদের সঙ্গে
(4) অনেক অতিরিক্ত ঘন্টা কিন্তু একাকী

32 গবেষণার চূড়ান্ত উদ্দেশ্য হলো

(1) সব তরুলতা, গাছপালা ও জীবজন্তু যাতে সুস্থ থাকে সে সম্পর্কে নিশ্চিত হওয়া
(2) সব তরুলতা, গাছপালা ও জীবজন্তুকে মালয়েশিয়ান নামকরণ করা
(3) মালয়েশিয়ার সব তরুলতা ও জীবজন্তুর প্রজাতির তালিকা তৈরী করা
(4) মালয়েশিয়ায় কত প্রকার নতুন নতুন তরুলতা ও জীবজন্তুর প্রজাতি রয়েছে তা খুঁজে বের করা

www.xtrapapers.com

www.PapaCambridge.com



## Section C
## বিভাগ 'গ'

নিচে দেওয়া অনুচ্ছেদটি ভাল করে পড় এবং প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখো।

অন্ধকার আকাশ ও জোর বাতাসের জন্য নাবিকদের অসুবিধা হচ্ছিলো। তখন ছিলো দুপুর বেলা এবং পানি খুব উন্মত্ত ছিলো। ঠিক তখনই জালের মতো ছড়ানো অজস্র খাল ও নদীতে ভরা এই <u>মনোমুগ্ধকর</u> জায়গায় আমরা নৌবিহারের জন্য আমাদের বজরায় অপেক্ষা করছিলাম।

এই বজরার যান্ত্রিক গোলযোগের কথা পর্যটন অফিসের কর্মচারীরা আমাদের আগে থেকে জানিয়েছিলো, কিন্তু শেষ পর্যন্ত দক্ষতার সঙ্গে ধীরে ধীরে ভীষণ ভিড়ের মধ্যে দিয়ে এটি ঘাটে এসে পৌঁছলো। এই বজরায় তিন জন কর্মচারী ছিলো; বাবুর্চি, গাইড এবং কাপ্তান। "আমি ছোট থাকতেই নৌকা চালানো শিখেছি" চল্লিশ বছর বয়স্ক বলিষ্ঠ কাপ্তান সোমান বললেন। আমরা বজরায় ওঠামাত্র তিনি অত্যন্ত পারদর্শিতার সঙ্গে একটি লগি দিয়ে নদীর ঘাট থেকে <u>বজরা</u> ঠেলে দিয়ে ক্ষিপ্রতার সাথে চাকা ঘুরিয়ে এর গতিবেগ বাড়িয়ে দিলেন।

এ এক চমৎকার নিরালা জীবন যেখানে কোনো টেলিভিশন বা সংবাদপত্র নেই, কিংবা নেই কোনো টেলিফোন। আমরা বাইরের জীবন থেকে <u>বিচ্ছিন্ন</u> এমন এক জগতে পাড়ি দিচ্ছি যেখান থেকে একমাত্র এই বজরা ছাড়া বের হয়ে আসার আর কোনো পথ নেই। এইসব খালগুলো লোকজনের কাপড় ধোয়া, গোসল করা ইত্যাদি কাজকর্মে সব সময় মুখর থাকে।

পিঁয়াজ কাটতে কাটতে বাবুর্চি আমাদের জিজ্ঞেস করলো, "রাতে কি খাবেন? আমাদের কাছে নিরামিষ খাবার আছে, তবে স্থানীয় মাছের তরকারি আমাদের বিশেষত্ব।" আমি পরেরটা পছন্দ করলাম এবং এই খাবার দারুন মজার ছিলো।

একটি ছোট জেলে নৌকা পাশে এসে ভিড়লো এবং নৌকার জেলে সদ্য ধরা বড় বড় অনেক চিংড়ি দেখালো। সে মাছ ধরে ধরে তখনই বিক্রি করছিলো। নদীর তীরেও অবশ্য অনেক অস্থায়ী দোকানপাট ছিলো যেখানে বিভিন্ন ধরণের <u>সামগ্রী</u> বিক্রি হচ্ছিলো।

সূর্যাস্তের সময় বজরা তীরের কাছাকাছি এসে ভিড়লো। রাতের নিস্তব্ধতা ভঙ্গ করে যেমন কিছু কিছু মাছ পানির উপর লাফাচ্ছিলো, তেমনি গভীর অন্ধকার ভেদ করে নৌকায় জ্বালানো লন্ঠনের মৃদু রশ্মি জ্বলে উঠছিলো। যখন আমাদের ঘুম ভাঙ্গলো তখন চারিদিক রোদে ঝলমল করছিলো। লেকেও নানান ব্যস্ততা; ফেরী ভর্তি করে লোকজন পার হচ্ছিলো তাদের প্রতিদিনের কর্মস্থলের দিকে।

গাইড বললো, " আপনারা কেবলমাত্র খালবিলে ভরা এই <u>বিস্তীর্ণ</u> এলাকার সামান্য একটু অংশ দেখলেন।"
হ্যাঁ, সে ঠিকই বলেছে। নদীর এই নিস্তব্ধতা উপভোগ করার জন্য আমাদের আবার অন্য একসময় এখানে আসতে হবে।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**C6 OE Comprehension** 6]
বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

নিচের প্রশ্নগুলির উত্তর যথা সম্ভব নিজের ভাষায় লেখো।

**33** কোন **চারটি** কারণে সম্ভবত বজরাটির আসতে দেরী হলো?

**34** কিভাবে বোঝা যায় যে কাপ্তান একজন অভিজ্ঞ নাবিক ছিলেন? যেকোনো **চারটি** উদাহরণ দাও।

**35** কিভাবে নদীর জীবনযাত্রায় আধুনিকতার কোনো ছোঁয়া নেই? যেকোনো **চারটি** বিষয় লেখো।

**36** লেখক কিভাবে সকাল ও রাত্রিবেলার পার্থক্য প্রকাশ করেছেন?

**37** অনুচ্ছেদে বর্ণিত কোন কোন বিষয় থেকে প্রমানিত হয় যে এখানকার অধিবাসীরা খুব পরিশ্রমী? **চারটি** উদাহরণ দাও।

**38** কিভাবে বোঝা যায় যে লেখকের ভ্রমণ অভিজ্ঞতা উপভোগ্য হয়েছে? চারটি উদাহরণ দাও।

**C7 Vocabulary** [10]
শব্দার্থ

উপরোক্ত অনুচ্ছেদে রেখাঙ্কিত নিচের শব্দগুলির অর্থ লেখো।

**39** মনমুগ্ধকর

**40** বিস্তীর্ণ

**41** বজরা

**42** বিচ্ছিন্ন

**43** সামগ্রী

**End of Paper**

www.xtrapapers.com
www.PapaCambridge.com


BLANK PAGE

www.xtrapapers.com

www.PapaCambridge.com



BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of